দৈনিক ইত্তেফাক 255

তারিখ ... 04 SEP 1998
পৃষ্ঠা 2 কলাম 4

# পরীক্ষার প্রশ্নপত্রে বেগম জিয়াকে জড়িয়ে ষড়যন্ত্র করার নিন্দা

**প্রেস বিজ্ঞপ্তি** ঃ বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব আশরাফ হোসেন গতকাল বৃহস্পতিবার এক বিবৃতিতে রাজেন্দ্রপুর ক্যান্টনমেন্ট বোর্ড বিদ্যালয়ের ৮ম শ্রেণীর দ্বিতীয় সাময়িক পরীক্ষার প্রশ্নপত্রে বিএনপির চেয়ারপার্সন বিরোধী দলীয় নেত্রী দেশনেত্রী বেগম খালেদা জিয়াকে জড়িয়ে প্রশ্নপত্রের কাল্পনিক ও সুদূরপ্রসারী ষড়যন্ত্রের পরিকল্পনা গ্রহণ করার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব বলেন, সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারপার্সন বিরোধী দলীয় নেত্রী বেগম খালেদা জিয়ার ভাবমূর্তি ক্ষুণ্ন করার জন্য সরকার গভীর ষড়যন্ত্রের অংশ হিসেবে প্রশ্নপত্রে এই প্রশ্নে সেই ষড়যন্ত্রেরই অংশ। সরকার কোমলমতি ছাত্র-ছাত্রীদের মনে খালেদা জিয়া সম্পর্কে ছোটবেলা থেকেই খারাপ ধারণা সৃষ্টি করে দেয়ার প্রচেষ্টা শুরু করেছে। এর আগে শহীদ প্রেসিডেন্ট জিয়ার সম্পর্কে ময়মনসিংহ এলাকার একটি স্কুলে পরীক্ষার প্রশ্নের প্রশ্নপত্রে একই ধরনের প্রশ্ন করা হয়েছিল। সরকার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শহীদ জিয়া ও বেগম খালেদা জিয়ার ভাবমূর্তি ক্ষুণ্ন করার জন্য এ ব্যাপারে পরামর্শ দেয়া হয়েছে। তিনি বলেন, বর্তমান সরকার ক্ষমতাসীন হওয়ার পর থেকেই বেগম জিয়া ও বিএনপি নেতা-কর্মীদের ভাবমূর্তি ক্ষুণ্ন করার জন্য কোন্ পর্যায়ে নেমেছে এই প্রশ্ন সংযোজন তারই উদাহরণ।

বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব এ ধরনের জঘন্য কাজের সঙ্গে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে শাস্তি দাবী করেছেন।

জাসাস মতিঝিল থানা আহবায়ক মিজানুর রহমান মিজান, সদস্য সচিব জাকির হোসেন রোকন অনুরূপ এক বিবৃতিতে এ ঘটনার নিন্দা জানিয়ে দায়ী ব্যক্তিদের শাস্তি দাবী করেছেন।